

ধরায়-তারায় যে মিছিল

কাইটম পারভেজ

তুমি চলে গেছো তারাদের মিছিলে
আমায় রেখে গেলে মিছিলে মিছিলে ।
মিছিলেই তোমার সাথে দেখা । পরিচয় ।
চোখে চোখ রাখা
চোখে চোখেই সব বলে ফেলা ।
লজ্জিত সংশয় ।

”ভালবাসি” শব্দটির সর্বশক্তি দিয়ে
দিলাম শ্লোগান, রাষ্ট্রভাষা - রাষ্ট্রভাষা
আমার চোখে চোখ রেখে
”ভালবাসি” শব্দটির সর্বশক্তি নিয়ে
গগণবিদারী উত্তর দিলে
বাংলা চাই - বাংলা চাই ।

শ্লোগান সরে যায় সরে না তবু চোখ ।
দৃষ্টি অপলক ।

যেন বললে - রাষ্ট্রভাষা বাংলা চাই
ভালবাসি - ভালবাসতে চাই ।
ভাল বাসলাম ।
তোমাকে । বাংলাকে । মিছিলকে ।
আজো ছাড়িনি - তোমাকে । বাংলাকে । মিছিলকে ।
আটষষ্ঠি-উনসত্ত্ব-একান্তর - অনন্তর ।

মিছিলে আমাদের সে গান -
”বোল না বোল না যেতে মিছিলে এবার ওগো বন্ধু
মিছিলেতো দাঁড়িয়ে আছি”

আজো প্রাণে বাজে সে গান । সে শ্লোগান ।
রাষ্ট্রভাষা রাষ্ট্রভাষা - বাংলা চাই বাংলা চাই ।
... ... ভালবাসি ভালবাসি - তোমায় ভালবাসতে চাই ।

তুমি নাই - কোথাও তুমি নাই
তবু মিছিলে তো দাঁড়িয়ে আছি আজ -

আমি ধরায়
তুমি তারায় ।